



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন -১  
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০০১.২৪.৯৯

তারিখ: ২৪ মাঘ ১৪৩০

০৭ ফেব্রুয়ারি ২০২৪

বিষয়: রিট পিটিশন নং ২৭/২০২৪ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুলের নির্দেশনা মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের  
লক্ষ্যে এ মোকদ্দমার রুলের কপি প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ২৭/২০২৪-এর ০৮/০১/২০২৪ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, লালমনিরহাট জেলার ইউনিয়ন পরিষদসমূহে হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর পদে মুক্তিযোদ্ধা কোটা ও অন্যান্য কোটা বজায় না রেখে উক্ত পদে নিয়োগপত্র ইস্যু করা হয়। মুক্তিযোদ্ধা কোটা ও অন্যান্য কোটা যথাযথভাবে অনুসরণপূর্বক প্রাপ্য কোটা সংরক্ষণসহ আবেদনকারীগণকে উক্ত পদে নিয়োগের প্রার্থনার্থে জনাব মোহাঃ সাজেদা আক্তার ও এ. এইচ. এম আসাদুজ্জামান বিভাগীয় কমিশনার, রংপুর বরাবর আবেদন করেন। উক্ত আবেদন নিষ্পত্তি না করা এবং নিয়োগপত্র ইস্যুর বিষয়ে পিটিশনারগণ সংস্কৃ হয়ে মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ২৭/২০২৪ দায়ের করেন। এ মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং, বিভাগীয় কমিশনার, রংপুর-কে ২নং এবং জেলা প্রশাসক, লালমনিরহাট-কে ৩নং প্রতিপক্ষসহ মোট চারজনকে প্রতিপক্ষ করা হয়েছে।

২। বর্ণিত রিট পিটিশন মোকদ্দমায় মাননীয় হাইকোর্ট বিভাগ শুনানি অন্তে প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশসহ তর্কিত বিষয়ে বিগত ০৮/০১/২০২৪ খ্রি. তারিখে নিম্নোক্ত রুল প্রদান করেন:

“...why the impugned appointment vide স্মারক নম্বর ০৫.৪৭.৫২০০.০২৬.০১.০৫১.২৩-৪৬৫ dated 24.12.2023 signed and issued by the respondents No. 3 (Annexure-H-1 (8316/potrojariAttachmentRef/52807/0/2240)) without maintaining the Freedom Fighter and other Quotas in accordance with the terms and conditions of the appointment circular dated 24.02.2020 and 18.01.2017 (Annexure A & A-1 (8317/potrojariAttachmentRef/52807/0/2240)) should not be declared to have been done without lawful authority and is of no legal effect and why a direction should not be given upon the respondents to dispose of the petitioner's applications dated 20.12.2023 and dated 24.12.2023 (Annexure G & G-1 (8318/potrojariAttachmentRef/52807/0/2240))...”

Pending hearing of the Rule, the respondents are directed to preserve the 2(two) posts out of the 45(forty five) posts pursuant to the appointment circular dated 18.04.2017 and Circular dated 24.02.2020 (Annexure A & A-1 (8319/potrojariAttachmentRef/52807/0/2240)) for the post of Assistant Accounts-Cum Computer Operator in Lalmonirhat District."

৩। এমতাবস্থায়, রিট পিটিশন নং ২৭/২০২৪ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুলের নির্দেশনা মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ মোকদ্দমার রুলের কপি নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (8313/potrojariAttachmentRef/52807/0/2240)



৮-২-২০২৪

পূর্ববী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২৫৫১০০৯৯৫

ইমেইল: lglaw1@lgd.gov.bd

জেলা প্রশাসক

জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০০১.২৪.৯৯/১(৫)

তারিখ: ২৪ মাঘ ১৪৩০

০৭ ফেব্রুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সহকারী সচিব, ইউনিয়ন পরিষদ -১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা (চলতি দায়িত্ব), অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



৮-২-২০২৪

পূর্ববী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)